

সৌদিতে পৌঁছেছেন প্রায় ৬০ হাজার হজযাত্রী

- A Monitor Desk Report

Date: 17 May, 2026



ঢাকা: পবিত্র হজ পালনের উদ্দেশ্যে সৌদি আরবে পৌঁছেছেন ৫৯ হাজার ৭৮৩ জন বাংলাদেশি হজযাত্রী। এখন পর্যন্ত ১৫৪টি ফ্লাইটে তারা দেশটিতে পৌঁছেছেন বলে জানিয়েছে ধর্ম মন্ত্রণালয়ের হজ সম্পর্কিত সর্বশেষ বুলেটিন।

এদিকে, চলতি বছর হজ পালন করতে গিয়ে এখন পর্যন্ত মোট ১৬ জন হজযাত্রীর মৃত্যু হয়েছে।

রবিবার (১৭ মে) প্রকাশিত বুলেটিনে এয়ারলাইনস, সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ, বাংলাদেশ হজ অফিস ঢাকা এবং সৌদি আরবের সংশ্লিষ্ট সূত্রের তথ্য তুলে ধরে হজ বুলেটিনের আইটি হেল্প ডেস্ক জানায়, শনিবার দিবাগত রাত ৩টা পর্যন্ত এসব হজযাত্রী সৌদি আরবে পৌঁছান।

এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইনস পরিচালিত ৭৮টি ফ্লাইটে গেছেন ৩০ হাজার ৮৪৪ জন। এছাড়া সৌদি এরাবিয়ান এয়ারলাইনসের ৫৪টি ফ্লাইটে পৌঁছেছেন ২০ হাজার ৮০ জন এবং ফ্লাইনাস পরিচালিত ২২টি ফ্লাইটে গেছেন আরও ৮ হাজার ৮৫৯ জন হজযাত্রী।

সবমিলিয়ে সরকারি ব্যবস্থাপনায় ৪ হাজার ৪৪৪ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৫৫ হাজার ৩৩৯ জন বাংলাদেশি হজযাত্রী সৌদি আরবে পৌঁছেছেন।

হজ অফিসের তথ্যমতে, ঢাকার সৌদি দূতাবাস এ পর্যন্ত ৭৮ হাজার ৩৭৮টি ভিসা ইস্যু করেছে। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ৪ হাজার ৪৫৫টি এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৭৩ হাজার ৯২৩টি ভিসা দেওয়া হয়েছে।

চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৬ মে সৌদি আরবে পবিত্র হজ পালন করার কথা রয়েছে।

